# বিস্ফোরক মামলায় চিন্ময় কৃষ্ণ দাসকে জেলগেটে জিজ্ঞাসাবাদের নির্দেশ



সংগৃহীত ছবি

আদালত প্রাঙ্গণে পুলিশের ওপর হামলা ও ভাঙচুরের মামলায় ইসকনের বহিষ্কৃত নেতা ও সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীকে একদিনের জন্য জেলগেটে জিজ্ঞাসাবাদ ও ২২ জুনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন আদালত।

মামলার তদন্ত কর্মকর্তা গোয়েন্দা পুলিশের (ডিবি) চট্টগ্রাম উত্তর জোনের সহকারী কমিশনার মোস্তফা কামাল গত ৪ জুন চিন্ময় কৃষ্ণকে জেলগেটে জিজ্ঞাসাবাদের জন্য আদালতে আবেদন করেন। এই আবেদনের প্রেক্ষিতেই চট্টগ্রাম মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ৬ষ্ঠ আদালতের বিচারক এস এম আলাউদ্দীন শুনানি শেষে এ আদেশ দেন।

চট্টগ্রাম মহানগর দায়রা জজ আদালতের সহকারী পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট মো. রায়হানুল ওয়াজেদ চৌধুরী জানান, “কোতোয়ালী থানার একটি ভাংচুর মামলায় তদন্তকারী কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে চিন্ময় কৃষ্ণ দাসকে জেলগেটে জিজ্ঞাসাবাদের অনুমতি দিয়েছেন আদালত।”

গত বছরের ২৬ নভেম্বর ঢাকা থেকে চট্টগ্রামে যাওয়ার সময় হযরত শাহজালাল বিমানবন্দর থেকে ডিবি সদস্যরা চিন্ময় কৃষ্ণ দাসকে গ্রেফতার করে এবং এর পরদিন রাষ্ট্রদোহ মামলায় গ্রেফতার দেখিয়ে আদালতে হাজির করা হয়। আদালত জামিন না দেওয়ায় চট্টগ্রাম কোর্ট বিল্ডিংয়ে বিক্ষোভ করেন ইসকন অনুসারীরা। এ সময় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়েন ইসকনের অনুসারীরা। এছাড়াও আদালতে থাকা আইনজীবী, কর্মকর্তা-কর্মচারী ও সাধারণ মানুষদের উপরও নৃশংস হামলা চালায় তারা, এতে ইসকন অনুসারীর হাতে খুন হন অ্যাডভোকেট সাইফুল ইসলাম আলিফ।

এর প্রেক্ষিতে আইনজীবী সাইফুলের বাবা জামাল উদ্দিন বাদী হয়ে ৩১ জনের নাম উল্লেখ করে একটি হত্যা মামলা দায়ের করেন। একই ঘটনায় পুলিশসহ ভুক্তভোগীরা বাদী হয়ে কোতোয়ালি থানায় আরও ৪টি মামলা করেন। এই ৫টি মামলার তদন্ত করতে গিয়েই এতে চিন্ময় কৃষ্ণ দাসের সম্পৃক্ততা পায় পুলিশ।